

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
www.dss.kasba.brahmanbaria.gov.bd

স্মারক নম্বরঃ ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.৩৭৭


তারিখঃ ১৮ নভেম্বর ২০২৫ খ্রিঃ।

বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত ভাতাভোগীদের নিজ NID নিবন্ধিত সিমের এমএফএস হিসাবে সরকারের নগদ অর্থ সহায়তা প্রেরণ।

সূত্র- ০১) ৪১.০০.০০০০.০২৩.৩২.০০১.২.১৫১ তারিখ- ০৫/১০/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীর জন্য বিশেষ ভাতাভোগীদের সরকারের নগদ অর্থ সহায়তা পেতে নিজ NID নিবন্ধিত সিমের মোবাইল ব্যাংকিং হিসাব বাধ্যতামূলক করা হয়েছে। অর্থাৎ ভাতা নিতে নিজের নামে নিবন্ধিত সিম বাধ্যতামূলক। বর্তমানে যারা অন্যের NID দিয়ে নিবন্ধিত সিম নম্বর বা অ্যাকাউন্টে ভাতার টাকা পাচ্ছেন, তাদের ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই নিজের NID দিয়ে সিম এবং অ্যাকাউন্ট নিবন্ধন/পরিবর্তন করে নিতে হবে। যদি কোনো ভাতাভোগী ৩১ ডিসেম্বর ২০২৫-এর মধ্যে এই পরিবর্তন সম্পন্ন না করেন, তবে জানুয়ারি ২০২৬ থেকে তার ভাতার টাকা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

এমতাবস্থায়, বর্তমানে যে সকল ভাতাভোগী অন্যের NID দিয়ে নিবন্ধিত সিম নম্বর বা অ্যাকাউন্টে ভাতার টাকা পাচ্ছেন, তাদের অনতি বিলম্বে অবশ্যই নিজ NID নিবন্ধিত সিমের মোবাইল ব্যাংকিং হিসাব খুলে ভাতাভোগীকে নিজে নিয়ন্ত্রণকারী অফিসে উপস্থিত হয়ে মোবাইল ব্যাংক হিসাব নম্বর পরিবর্তনের আবেদনের বিষয়ে ব্যাপক প্রচারণা/মাইকিংসহ অন্যান্য মাধ্যমে অবহিতকরণ জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

 ১৮.১১.২০২৫

মোহাম্মদ আলমগীর মিয়া

উপজেলা সমাজসেবা অফিসার

মোবাইল- ০১৭০৮৪১৪৭৫৬

টেলিফোন- ০৮৫২৪৭৩০৯৬

ইমেইল-usso.kashba@dss.gov.bd

চেয়ারম্যান

ইউনিয়ন পরিষদ (সকল)

কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বরঃ ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.৩৭৭

তারিখঃ ১৮ নভেম্বর ২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে/ জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা নির্বাহী অফিসার এবং প্রশাসক, কসবা উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৩. তথ্যসেবা কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র/ সুপার, ইসলামিক ফাউন্ডেশন, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৪. অফিস কপি।